

পূণঃ নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ২২০০০-৫৩০৬০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস-এর ১টি শূন্য রিসার্চ ফেলো পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে পাবলিক বিশ্ববিদ্যালয় হইতে মানবিক/সামাজিক বিজ্ঞান বিষয়ে অনার্স ও মাস্টার্স পাশ হইতে হইবে। প্রার্থীকে অনার্স/মাস্টার্স পর্যায়ে ১টি প্রথম শ্রেণীসহ (অথবা সিজিপিএ-৩.৫০, ৪.০০ স্কেলে) শিক্ষা জীবনে অন্ততঃ ২টি প্রথম শ্রেণী থাকিতে হইবে। কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী/সিজিপিএ-২.০০ এর কম গ্রহণযোগ্য নহে। মানবিক ও সামাজিক বিজ্ঞানে অথবা সমপ্রকৃতির যে কোন ডিসিপ্লিনে এম.ফিল/ পিএইচ.ডি ভিধি থাকিলে প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

প্রার্থীকে অবশ্যই খ্যাতি সম্পন্ন বিশ্ববিদ্যালয়/জাতীয় কিংবা আন্তর্জাতিক পর্যায়ের ইনস্টিটিউট বা পেশাগত প্রতিষ্ঠানে ২ বৎসরের শিক্ষকতা বা স্বীকৃত গবেষণা/পেশাগত কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীকে রেফার্ড জার্নালে অন্ততঃ একটি প্রকাশিত গবেষণা প্রবন্ধ থাকিতে হইবে। সাহিত্যের যে কোন শাখায় লেখালেখি এবং সামাজিক গবেষণায় দক্ষ হইতে হইবে। পূর্বে যাহারা এই পদের জন্য আবেদন করিয়াছেন, পূরণায় তাহাদের আবেদন করিবার প্রয়োজন নাই। প্রার্থীর বয়স অনুর্দ্ধ ৩০ (ত্রিশ) বৎসর হইতে হইবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ০৫-০১-২০১৭ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।


৭/১২/১৬